

## চরম উদাসিনতা ও অব্যবস্থাপনার দরুন স্টল নির্মাণ সম্পন্ন হয়নি ইফা'র ইসলামী পুস্তক প্রদর্শনী উদ্বোধন করা সম্ভব হয়নি

শামসুল ইসলামঃ ইসলামিক ফাউন্ডেশন (ইফা) আয়োজিত বায়তুল মোকাররম জাতীয় মসজিদ চত্বরে মাসব্যাপী ইসলামী পুস্তক প্রদর্শনী আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা সম্ভব হয়নি। মহান ২১ ফেব্রুয়ারী উপলক্ষে প্রতি বছরই ইফা'র উদ্যোগে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের চত্বরে ১ ফেব্রুয়ারী থেকে ইসলামী পুস্তক প্রদর্শনী শুরু হয়। ইফা'র চরম উদাসিনতা ও অব্যবস্থাপনার দরুন পুস্তক প্রদর্শনীর স্টলগুলোর নির্মাণ কাজ গতকাল শুক্রবারও সম্পন্ন হয়নি। ধর্ম মন্ত্রণালয়ের সর্বোচ্চ ব্যক্তির মাধ্যমে ইফা'র ইসলামী পুস্তক প্রদর্শনী উদ্বোধনের বিষয়টি চূড়ান্ত করা হয় গত তিন মাস পূর্বে। নিয়ম অনুযায়ী বর্তমান ধর্ম উপদেষ্টা মেজর জেনারেল ডাঃ এ এম মতিউর রহমান (অবঃ) পুস্তক প্রদর্শনী উদ্বোধন করার কথা। পুস্তক প্রদর্শনী করে নাগাদ উদ্বোধন করা হবে ইফা কর্তৃপক্ষ এখনো নিশ্চিত করে বলতে পারেনি। ইফা'র ডিজি মোঃ ফজলুর রহমান পুস্তক প্রদর্শনীর স্টল নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেছেন। ইফা'র পুস্তক প্রদর্শনী কমিটির কর্মকর্তা আবদুর রহিম শেখ গতকাল এ প্রতিবেদকের সাথে আলাপকালে বলেন, ধর্ম উপদেষ্টা মেজর জেনারেল (অবঃ) এম এ মতিন যেদিন সময় দেবেন সেদিনই পুস্তক প্রদর্শনী আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হবে। ধর্ম উপদেষ্টাকে পুস্তক প্রদর্শনী উদ্বোধনের জন্য দাওয়াত করা হয়েছে কিনা, এ প্রশ্নের জবাবে কমিটির কর্মকর্তা আবদুর রহিম শেখ বলেন, এ বিষয়টি আমি জানি না। পুস্তক প্রদর্শনীর স্টল নির্মাণ কাজ পুরোপুরি সম্পন্ন না হওয়ায় স্টল মালিকরা চরমভাবে ক্ষুব্ধ। পুস্তক প্রদর্শনী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী এসব স্টল জানুয়ারী মাসের শেষ সপ্তাহেই

সম্পন্ন হবার কথা। পুরনো বাঁশ ও কাপড় দিয়ে স্টল নির্মাণ কাজ চলছে। পুস্তক প্রদর্শনীর প্রচার-প্রসারের জন্য কোন মাইকিংয়ের উদ্যোগ নেয়া হয়নি। ইসলামী পুস্তকের জনপ্রিয়তা বৃদ্ধির লক্ষ্যে প্রদর্শনী চত্বরে আকর্ষণীয় গেট নির্মাণ করা হয়নি।

খোঁজ নিয়ে জানা গেছে, ইফা কর্তৃপক্ষ এবার ২১ ফেব্রুয়ারী উপলক্ষে ইসলামী পুস্তক প্রদর্শনীর ২৬টি স্টল বরাদ্দের সিদ্ধান্ত নেয়। ইফা'র তিনটি শ্রমিক-কর্মচারী সংগঠনের নামে তিনটি স্টল প্রতি বছরের ন্যায় বিনামূল্যে বরাদ্দ দেয়া হয়। বাকি ২৩টি স্টল বিভিন্ন পুস্তক ব্যবসায়ীর মাঝে লটারির মাধ্যমে বরাদ্দ দেয়া হয়। বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর চত্বরে স্থান সংকুলান না হওয়ায় গত বছরের চেয়ে এবার আরো কম সংখ্যক স্টল বরাদ্দ দেয়া হয়। পুস্তক প্রদর্শনীর চত্বরে কার পার্কিং অর্যাহত থাকায় পুস্তক প্রদর্শনীতে আগত ক্রেতারা নানাভাবে দুর্ভোগ পোহাচ্ছেন। নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক স্টল মালিক বলেন, গত বছর পুস্তক প্রদর্শনীর চত্বর থেকে কার পার্কিং অন্যত্র সরিয়ে নেয়ার দাবী জানাতে গিয়ে ইফা'র এক ড্রাইভারের হাতে জনৈক স্টল মালিক লাঞ্চিত হয়েছিলেন। কিন্তু এবারও ইফা কর্তৃপক্ষ প্রদর্শনী চত্বর থেকে কার পার্কিং সরিয়ে নেয়নি। এতে প্রদর্শনীতে আগত ক্রেতারা নিরাপত্তাহীনতায় ভুগছেন। গত বৃহস্পতিবার ইফা'র ডিজি মোঃ ফজলুর রহমান পুস্তক প্রদর্শনী এলাকা ঘুরে দেখেন। প্রদর্শনীর স্টল নির্মাণ কাজ সম্পন্ন না হওয়ায় তিনি চরম ক্ষোভ প্রকাশ করে দ্রুত নির্মাণ কাজ সম্পন্ন করার তাগিদ দেন। পুস্তক প্রদর্শনী কমিটির আহবায়ক লুৎফুল হককে কয়েক দফা খোঁজ করেও পাওয়া যায়নি।